ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ৪র্থ কর্পোরেশন সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ০৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ ।। ২১ ডিসেম্বর ২০২০
সময় : সকাল ১১.৩০ টা
স্থান : ১০ নং ওয়ার্ড কমিউনিটি সেন্টার, মিরপুর-১, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ২১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মাসুম গনি। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে স্বাগত জানান। ডিএনসিসি পরিবারের যেসকল সদস্য করোনামুক্ত হয়েছেন তাদের জন্য সভায় শুকরিয়া জ্ঞাপন করা হয়। এ বছর ঢাকা মহানগীতে ডেঙ্গুর প্রকোপ কম হওয়ায় সভায় সকল কাউন্সিলর ও কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারিদের ধন্যবাদ জানানো হয়। মশক নিধন কাজে ব্যবহৃত কীটনাশক ব্যবসা সিন্ডিকেটমুক্ত হওয়ায় উন্নত মানের কীটনাশক ব্যবহার করা সম্ভব হচ্ছে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন। কিউলেক্স মশা যেন না বাড়ে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বন করার আহ্বান জানান। তিনি বলেন, জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য ৪০০X৪০০ গজ পাইলট প্রোগ্রাম অঞ্চল-২ গ্রহণ করা হয়েছিল। পর্যায়ক্রমে প্রত্যেকটি অঞ্চল ও ওয়ার্ডে এ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় জানানো হয়। আউটসোর্সিং মশককর্মী/ক্লিনার ও মাস্টাররোল কর্মীদের ডিএনসিসি'র ড্রেস ও পরিচয়পত্র প্রদান করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। অঞ্চল ভিত্তিক কাউন্সিলরদের হোয়াটসএ্যাপ গ্রুপ গঠন করারও সভাপতি অনুরোধ জানান। প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ড কমপ্লেক্স, পাবলিক টয়লেট নির্মাণ করার আশ্বাস প্রদান করেন। ওয়ার্ড কমপ্লেক্স, পাবলিক টয়লেট নির্মাণ এর জন্য জায়গা চিহ্নিত করার জন্য সভাপতি কাউন্সিলরদের অনুরোধ জানান। এছাড়াও তিনি নতুন অঞ্চলে আঞ্চলিক কার্যালয় স্থাপনের জায়গা নির্ধারণ করার জন্য অনুরোধ জানান। মার্চ/২০২১ এর মধ্যে ডিএনসিসি'র সকল পার্কের উন্নয়ন কাজ শুরু করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ০৯/০১/২০২১ খ্রি. তারিখে শহীদ জায়ান পার্ক উদ্বোধন করা হতে পারে মর্মে সভাপতি বলেন, পর্যায়ক্রমে সকল পার্কের উন্নয়ন ও আধুনিকায়ন করা হবে। 'জনতার মুখোমুখি নগর সেবক' নামক ফেসবুক লাইভ প্রোগ্রাম চালুর কথা উল্লেখ করে সভাপতি বলেন, পরবর্তীতে সম্মানিত কাউন্সিলরদেরও অন্তর্ভূক্ত করা হতে পারে।

সভাপতি নতুন এলাকার হোল্ডিং ট্যাক্স এ্যাসেসমেন্ট কার্যক্রম গ্রহণ করার জন্য রাজস্ব বিভাগকে নির্দেশনা প্রদান করেন। তিনি রাজস্ব বিভাগের কাজে সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করার অনুরোধ জানান। রাজস্ব ব্যবস্থাপনা তদারকির জন্য ০১টি কাউন্সিলর কমিটি গঠন করার অনুরোধ জানান। ডিএনসিসি'র সক্ষমতা বাড়াতে রাজস্ব না বাড়িয়ে, রাজস্ব আদায়ের পরিধি বাড়াতে হবে উল্লেখ করে তিনি বলেন, নয়াবাদী কেস দ্রুত নিষ্পত্তির জন্য বিস্তারিত বিবরণ লিখার প্রয়োজন পড়ে না। কালক্ষেপন না করে সংক্ষিপ্ত তথ্য লিপিবদ্ধ করে কর ধার্য করার জন্য তিনি আহ্বান জানান। ঢাকা ওয়াসার খালগুলো ডিএনসিসি'কে হস্তান্তর করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করে তিনি বলেন, ডিএনসিসি'র দায়িত্ব বেড়ে যাচ্ছে এবং খালের পাড়ে অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। ভাষানটেক ও কড়াইল বস্তি উন্নয়ন এবং বিহারী পুনর্বাসনের জন্য বিশেষ কমিটি গঠনের অনুরোধ জানান।

অনাকাঙ্খিত বিস্ফোরন প্রতিরোধে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কতজন ব্যক্তি, কতটি প্রতিষ্ঠান বিস্ফোরক জাতীয় দ্রব্যের ব্যবসা করে; খুচরা ও পাইকারি ব্যবসায়ীর সংখ্যা; লাইসেন্সের অবস্থা; মজুদগারের ভৌত অবস্থা এবং সাধারণভাবে কি ধরনের বিস্ফোরক এর ব্যবসা অধিক হয়ে থাকে তার বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করে প্রতিবেদন আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে দাখিল করার জন্য গঠিত কমিটির প্রতি অনুরোধ জানানো হয়।

জনগণ ঘরে বসেই হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে পারবে উল্লেখ করে আগামী বছরের জানুয়ারি থেকে অনলাইনে ট্যাক্স সংগ্রহ শুরু করা হবে বলে সভাকে অবহিত করেন। সভাপতি বলেন, "সবার ঢাকা" এ্যাপস এর মাধ্যমে জনগণ তাদের সুবিধা-অসুবিধার কথা জানাতে পারবে। কর্পোরেশন এর জবাবদিহিতা বৃদ্ধি পাবে। ডিএনসিসি'র আওতাধীন এলাকার জন্য ইউরোপীয় ব্র্যান্ড ফিলিপস এর ৪৬০০০ স্মার্ট এলইডি সড়কবাতি লাগানো হবে বলেও তিনি সভাকে অবহিত করেন।

এছাড়াও সভাপতি বর্তমান করোনা পরিস্থিতি মাথায় রেখে 'No mask, No service' বাধ্যতামূলক পালনের জন্য অনুরোধ জানান। মুজিববর্ষ উপলক্ষ্যে ওয়ার্ড ভিত্তিক ভলিবল প্রতিযোগিতা আয়োজন করার কথা উল্লেখ করে সকল কাউন্সিলরগণকে এ ব্যাপারে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। ডিএনসিসি'র আওতাধীন কারওয়ান বাজার মার্কেট স্থানান্তরের বিষয়ে জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম গ্রহণ করতে অনুরোধ করেন।

অতপরঃ সভাপতির অনুমতিক্রমে নিম্নরূপ এজেন্ডা ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়। মূল আলোচনা পূর্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ সাইদুর রহমান এর মৃত্যুতে সভায় শোক প্রকাশ করা হয় এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

| আলোচ্যসূচি-১ | : | **বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।** |
|---|---|---|
| আলোচনা | : | বিগত ৩১ আগস্ট ২০২০তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৩য় কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় পরিষদের ৩য় কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-২ | : | ৩য় কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| আলোচনা | : | বিগত ৩১ আগস্ট ২০২০ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৩য় কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থান করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত ৩১ আগস্ট ২০২০তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৩য় কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৩ | : | **UN Habitat ও Block by Block Foundation এর অর্থায়নে এবং Centre for Urban Studies এর সার্বিক ব্যবস্থাপনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪টি (৩২, ৪, ৩ ও ৫) নং ওয়ার্ডের সড়ক ও ফুটপাত পাবলিক স্পেস হিসেবে উন্নয়ন প্রসঙ্গে।** |
|---|---|---|
| আলোচনা | : | নগর পরিকল্পনাবিদ সভাকে জানান, বিগত ৩১ অক্টোবর ২০১৯ "Centre for Urban Studies ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুমতিক্রমে UN Habitat এর উন্মুক্ত আহবানে ৪টি ওয়ার্ডে ৩ টি সড়ক ও ১ টি ফুটপাত পাবলিক স্পেস হিসাবে উন্নয়নের প্রস্তাব দেয়। পরবর্তী সময়ে UN Habitat ও Block by Block Foundation কর্তৃক মূল্যায়নের মাধ্যমে "Centre for Urban Studies কে" প্রকল্পটি বাস্তবায়নের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য মনোনয়ন করা হয়। |
| | | **লক্ষ্য ও উদ্দেশ্যঃ** |

- ফুটপাত ও সড়কসমূহ পাবলিক স্পেস হিসেবে উন্নয়ন।
- ওয়ার্ড এলাকার শিশু কিশোরদের খেলাধুলা ও বিনোদনের সুযোগ সৃষ্টি।
- দরিদ্র মানুষের বিশ্রামের সুযোগ সৃষ্টি।

**কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়াঃ**

- **Centre for Urban Studies** কর্তৃক ওয়ার্ড ৩, ৪, ৫ ও ৩২ এর আওতাভুক্ত এলাকার মধ্যে ৩ টি সড়ক ১টি ফুটপাতে পাবলিক স্পেস উন্নয়ন করার লক্ষ্যে জরিপ, কর্মশালা এবং সভা আয়োজনের মধ্য দিয়ে স্থানীয় কাউন্সিলর এবং এলাকার প্রতিনিধি বিশেষ করে শিশু, প্রবীণ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পৃক্ত করা হবে।
- একটি অংশগ্রহণমূলক প্রক্রিয়া অনুসরণ করে নকশা প্রনয়ন, নির্ধারিত চারটি স্থানকে নিরাপদ, প্রবেশগম্য এবং অর্ন্তভুক্তিমূলক পাবলিক স্পেসে রূপান্তর করা হবে মর্মে **Centre for Urban Studies** কর্তৃক জানানো হয়েছে।

**Proposal এ বর্ণিত ফুটপাতটি ও সড়ক সমূহ নিম্নরূপ**

| ক্রম | ফুটপাত ও সড়কের নাম অবস্থান ও এলাকা | ওয়ার্ড | দৈর্ঘ্য ও প্রস্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | আরঙ্গজেব রোডের ফুটপাত, মোহাম্মদপুর | ৩২ | ৪২৬ ফুট ও ২৫ ফুট | লোকেশন ম্যাপ সংযুক্ত। |
| ২ | বিজয় রাকীন সিটির সামনে ডেড এন্ড, মিরপুর সেকশন ১৫। | ৪ | ৯৭ ফুট ও ৪৮ ফুট | |
| ৩ | জল্লাদখানার উল্টোদিকে একটি অব্যবহৃত খালি জায়গা, মিরপুর ১০ নং। | ৩ | ১৯০ ফুট ও ৩৫ ফুট | |
| ৪ | ২১ নং সড়কে অবস্থিত একটি সড়ক যেখানে অল্প সংখ্যক যানবাহন চলাচল করে, এ ব্লক, মিরপুর-১১। | ৫ | ৫১২ ফুট ও ৪৫ ফুট | |

উল্লেখ্য, উক্ত প্রকল্পে ডিএনসিসি'র কোন আর্থিক সংশ্লেষ থাকবেনা এবং ডিএনসিসি'র অনুমোদন পেলে উক্ত ওয়ার্ডসমূহে কাজটি বাস্তবায়িত হবে।

**সিদ্ধান্ত** : UN Habitat ও Block by Block Foundation এর অর্থায়নে এবং Centre for Urban Studies এর সার্বিক ব্যবস্থাপনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪টি (৩২, ৪, ৩ ও ৫) নং ওয়ার্ডের সড়ক ও ফুটপাত পাবলিক স্পেস হিসেবে উন্নয়ন এর জন্য সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।

**বাস্তবায়ন** : প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-৪** : **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় SEEDS Asia কর্তৃক School based Capacity Building for Enhanced Disaster Risk Reduction in Dhaka North City Corporation বাস্তবায়নের জন্য MOU স্বাক্ষর প্রসঙ্গে।**

| | | |
|---|---|---|
| আলোচনা | : | নগর পরিকল্পনাবিদ বলেন, SEEDS Asia বিগত ২১ এপ্রিল ২০১৬ সালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে MOU স্বাক্ষরের মাধ্যমে জাইকার অর্থায়নে Capacity Building for Community Based Disaster Risk Reduction in Urban Areas of Bangladesh শীর্ষক প্রকল্প কার্যক্রম শুরু করে। প্রকল্পটি এপ্রিল ২০১৯ সালে শেষ হয়। তারই ধারাবাহিকতায় SEEDS Asia কর্তৃক School based Capacity Building for Enhanced Disaster Risk Reduction in Dhaka North City Corporation শীর্ষক নতুন প্রকল্প পুনরায় হাতে নেওয়া হয়েছে।<br><br>SEEDS Asia কর্তৃক জাপান সরকারের অর্থায়নে School based Capacity Building for Enhanced Disaster Risk Reduction in Dhaka North City Corporation শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের সকল ধরণের খরচ জাপান সরকার কর্তৃক বহন করা হবে, এতে ডিএনসিসি'র কোন আর্থিক সংশ্লিষ্টতা নেই।<br><br>**প্রকল্পের মেয়াদঃ** ১ মার্চ ২০২০ থেকে ফেব্রুয়ারি ২৮, ২০২২ (২৪ মাস)। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় SEEDS Asia কর্তৃক School based Capacity Building for Enhanced Disaster Risk Reduction in Dhaka North City Corporation বাস্তবায়নের জন্য MOU স্বাক্ষর এর অনুমোদন প্রদান করা হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৫** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR) অনুমোদন** |
| আলোচনা | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR) ডিসেম্বর ২০২০" সভায় উত্থাপন করেন। তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির ০৭/৯/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে এতদসংক্রান্ত বিষয়ে গঠিত কমিটি কর্তৃক একটি খসড়া টার্মস অব রেফারেন্স (TOR) প্রস্তুত করা হয়েছে। টার্মস অব রেফারেন্স (TOR) টি কর্পোরেশন সভার মাধ্যমে অনুমোদনপূর্বক বাস্তবায়ন করা হলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার গৃহস্থালী বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফিরে আসবে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সুনাম বৃদ্ধিসহ কিছুটা রাজস্ব বৃদ্ধি পাবে। আলোচনায় বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি ও ১৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরসহ অন্যান্য কাউন্সিলরগণ অংশগ্রহণ করেন। কাউন্সিলরগণ টার্মস অব রেফারেন্সের (TOR)<br><br>(ক) অনুচ্ছেদ-১৪ (ক) ওয়ার্ড নং ১-৩৬ এর গ্রুপ প্রতি জামানতের অর্থ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার স্থলে ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা এবং<br>(খ) ওয়ার্ড নং ৩৭-৫৪ এর প্রতি গ্রুপ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার স্থলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) |
| | | টাকা নির্ধারণের প্রস্তাব করেন এবং<br>(গ) অনুচ্ছেদ ১৯ (গ) এ গ্রেডিং প্রদানের জন্য গঠিত কমিটিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরকে সভাপতি এবং সংশ্লিষ্ট সংরক্ষিত আসনের কাউন্সিলরকে সদস্য অন্তর্ভুক্ত করে সংশোধন পূর্বক সভায় |

| | | |
|---|---|---|
| | | অনুমোদনের জন্য সুপারিশ করেন।<br>সভায় বর্ণিত প্রস্তাব দুটি গ্রহণসহ সংশোধিত টার্মস অব রেফারেন্স (TOR) অনুমোদনের সদয় সম্মতি জ্ঞাপন করা হয়। **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR) সংযুক্ত (পরিশিষ্ট-খ)** |
| সিদ্ধান্ত | : | ক) সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা কাজের স্বার্থে প্রস্তাবিত সংশোধনী সহকারে ''ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (TOR) ডিসেম্বর ২০২০'' অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও বিধিমালা ২০০৮ অনুসারে দ্রুত দরপত্র আহ্বান করে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>গ) টেন্ডার প্রক্রিয়াকালীন সময়ে বিদ্যমান নীতিমালা অনুযায়ী গৃহস্থালী বর্জ্য সংগ্রহ কার্যক্রম অব্যাহত থাকবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৬** | : | **স্থায়ীভাবে কবর সংরক্ষণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন প্রসংগে।** |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় গত ০৯/০৬/২০২০ খ্রি. তারিখে দাফনকৃত মরহুম ফখরুল কবির, পরিচালক (যুগ্মসচিব), মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য মরহুমের স্ত্রী জনাব উম্মে হাবিবা কর্তৃক আবেদন করা হয়েছে। |
| সিদ্ধান্ত | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় গত ০৯/০৬/২০২০ তারিখে দাফনকৃত মরহুম ফখরুল কবির এর কবরটি বিনামূল্যে স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকার করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৭** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' প্রকল্পের আওতাধীন পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নির্দেশিকা।** |
| আলোচনা | : | নির্বাহী প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন প্রকল্পের আওতাধীন পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর জন্য খসড়া নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া নির্দেশিকা তিনি সভায় উপস্থাপন করেন।<br>আলোচনায় অংশগ্রহণ করে উপস্থিত কাউন্সিলরগণ প্রস্তাবিত আঞ্চলিক কমিটিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরকে সভাপতি ও সংশ্লিষ্ট এলাকার অন্যান্য কাউন্সিলরগণকে উপদেষ্টা হিসেবে অন্তর্ভূক্ত করার দাবী জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্মুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' প্রকল্পের আওতাধীন পার্ক, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর জন্য গঠিত আঞ্চলিক কমিটিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরকে সভাপতি ও সংশ্লিষ্ট অন্যান্য কাউন্সিলরগণকে উপদেষ্টা হিসেবে অন্তর্ভূক্ত করে প্রস্তাবিত কমিটি সংশোধনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৮** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় সড়কে পথচারী ও যানবাহন চলাচলে শৃঙ্খলা ও নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে Bloomberg Philanthropies Initiative for Global Road Safety এর আওতায় Vital Strategies and Dhaka North City Corporation এর মধ্যকার সম্পাদিত চুক্তি বিষয়ে সভাকে অবহিতকরণ।** |
| আলোচনা | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় সড়কে পথচারী ও যানবাহন চলাচলে শৃঙ্খলা ও নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে Bloomberg Philanthropies Initiative for Global Road Safety এর আওতায় Vital Strategies and Dhaka North City Corporation এর মধ্যকার ০৬ অক্টোবর ২০২০ তারিখে সম্পাদিত চুক্তি বিষয়ে সভাকে অবহিতকরণ করা হয়। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় সড়কে পথচারী ও যানবাহন চলাচলে শৃঙ্খলা ও নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে Bloomberg Philanthropies Initiative for Global Road Safety এর আওতায় Vital Strategies and Dhaka North City Corporation এর মধ্যকার ০৬ অক্টোবর ২০২০ তারিখে সম্পাদিত চুক্তি যথাযথভাবে অনুসরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৯** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া Terms of Reference (TOR) চূড়ান্ত করণ।** |
| আলোচনা | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া Terms of Reference (TOR) উপস্থাপন করেন। বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় উত্থাপিত Terms of Reference (TOR) অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সংযুক্ত **(পরিশিষ্ট-গ)**। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া Terms of Reference (TOR) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল/সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১০** | : | **Infrom Women, Transform Lives ক্যাম্পেইন বিষয়ে ডিএনসিসি'র অংশগ্রহণ।** |
| আলোচনা | : | জনসংযোগ কর্মকর্তা সভাকে জানান, যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রের বরাবর গত ০২/৯/২০২০খ্রি. একটি পত্র প্রেরণ করেন। পত্রের মাধ্যমে 'দি কার্টার ফাউন্ডেশন' কর্তৃক গৃহীত Inform Women, Transform Lives ক্যাম্পেইনে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়। ক্যাম্পেইনের উদ্দেশ্য হবে তথ্য প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং ক্যাম্পেইনের মেয়াদ ১২-১৮ মাস।<br>৬ ডিসেম্বর ২০২০ তারিখে দি কার্টার সেন্টারের সাথে ডিএনসিসির একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। ডিএনসিসির পক্ষে মাননীয় মেয়র, মাননীয় সংসদ সদস্য নাহিদ ইজাহার খান, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা ও জনসংযোগ কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। দি কার্টার সেন্টারের পক্ষে ডিরেকটর মিস লরা নিউমেন, চিফ অব পার্টি ইন বাংলাদেশ মিস সুমনা সুলতানা মাহমুদ উপস্থিত ছিলেন।<br>সভায় সিদ্ধান্ত হয় যে, ২০২১ সালে যে কোন একটি বিষয়ে মিডিয়া ক্যাম্পেইনের মাধ্যমে ডিএনসিসির |

| | | |
|---|---|---|
| | | কোনো একটি এলাকার/অংশের নারীদেরকে ডিএনসিসি সম্পর্কিত তথ্য প্রদান করা হবে। এই তথ্যের প্রাপ্তির মাধ্যমে ঐ বিষয়ে নারীদের ক্ষমতায়ন হবে, যার ফলে তাঁদের নাগরিক সুবিধা পাওয়া সহজ হবে। এই ক্যাম্পেইনের জন্য একটি কমিটি গঠন করা হবে। ক্যাম্পেইনে ডিএনসিসির 'জনসংযোগ কর্মকর্তা ও তথ্য প্রদানকারী কর্মকর্তা' ফোকাল পারসন হিসেবে কাজ করবেন। |
| সিদ্ধান্ত | : | ২০২১ সালে যে কোন একটি বিষয়ে মিডিয়া ক্যাম্পেইনের মাধ্যমে ডিএনসিসির কোনো একটি এলাকার/অংশের নারীদেরকে ডিএনসিসি সম্পর্কিত তথ্য প্রদান করা হবে। এই তথ্যের প্রাপ্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন হবে, যার ফলে তাঁদের নাগরিক সুবিধা পাওয়া সহজ হবে। এ বিষয়ে একটি কমিটি গঠন করা হবে। ক্যাম্পেইনে ডিএনসিসির 'জনসংযোগ কর্মকর্তা ও তথ্য প্রদানকারী কর্মকর্তা' ফোকাল পারসন হিসেবে কাজ করবেন। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১১** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা চালু করণের সিদ্ধান্ত গ্রহণ।** |
| আলোচনা | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারিগণের পেনশন সুবিধা চালু করণের লক্ষে মাননীয় মেয়র গত ১৬ জুন ২০১৫ তারিখে বিস্তারিত তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক জরুরী ভিত্তিতে প্রতিবেদন পেশ করার নির্দেশনা প্রদান করেছিলেন। তৎপ্রেক্ষিতে মীজান ইসলাম এন্ড কোং Chartered Accountant Firm কর্তৃক তৈরীকৃত প্রতিবেদনে ভবিষ্য তহবিল, প্রদেয় গ্র্যাচুইটি, পেনশন স্কীমের প্রদেয় এককালীন ল্যাম্পগ্রান্ট এবং সাধারণ প্রভিডেন্ট ফান্ডের উপর সুদ ১০ বছরের ব্যয়িত টাকার উপর একটি প্রজেকশন দেয়া হয়।<br>উল্লেখ্য যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ এর ধারা ৬২ মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদের অবসরভাতা ও অবসর গ্রহণ সুবিধা ব্যবস্থা প্রবর্তনের ক্ষমতা প্রদান করা হয়েছে।<br>তিনি জানান, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকা ওয়াসাকে ঢাকা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ কর্মচারি (অবসর ভাতা ও অবসর জনিত সুবিধাদি) প্রবিধানমালা, ১৯৯৭ তে প্রবর্তন করেছে।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারিগণের পেনশন সুবিধা চালু করণের বিষয়ে সরকারি কর্মচারিগণের ক্ষেত্রে প্রযোজ্য Public Servants Pension Simplification Order, 2020 এর বিধান অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিদেরকে অবসর ভাতা ও অবসর গ্রহণ সুবিধা প্রদান করা যাবে এবং এতে আইনগত কোন বাধা নেই মর্মে ডিএনসিসি'র আইন বিভাগ কর্তৃক মতামত প্রদান করা হয়েছে। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারিগণের পেনশন সুবিধা চালু করণের প্রস্তাবনাটি নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন চালুকরণের প্রস্তাবনাটি "অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি" কর্তৃক যাচাই বাছাইক্রমে সুপারিশপ্রাপ্ত হতে হবে।<br>খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন চালুকরণ সংক্রান্ত গাইডলাইন/নির্দেশিকা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। |
| | | গ) কর্মকর্তা/কর্মচারীগণের পেনশন চালুকরণ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বা অর্থ মন্ত্রণালয় বা অন্য কোন মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের প্রয়োজনীয়তা থাকলে তা গ্রহণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচি-১২ : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম মহোদয়ের সহকারী একান্ত সচিব পদে জনাব ফরিদ উদ্দিন কে মনোনয়ন প্রসংগে সিদ্ধান্ত গ্রহণ।**

আলোচনা : সভায় জানানো হয়, ডিএনসিসি'র মাননীয় মেয়র এর সহকারী একান্ত সচিব পদটি শূন্য থাকায় **জনাব ফরিদ উদ্দিনকে** সহকারী একান্ত সচিব হিসেবে নিয়োগ প্রদান করার জন্য মাননীয় মেয়র অভিপ্রায় ব্যক্ত করেছেন। ফলে মাননীয় মেয়র এর সহকারী একান্ত সচিব পদে নিয়োগের জন্য কর্পোরেশন সভার সিদ্ধান্তের প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। জনাব ফরিদ উদ্দিন এর আবেদন পর্যালোচনায় দেখা যায়, তাঁর শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

| পরীক্ষা | পাশের সন | বিভাগ/শ্রেণি | শিক্ষা প্রতিষ্ঠান |
|---|---|---|---|
| মাধ্যমিক | ১৯৯৫ | ২য় বিভাগ | ভারই দ্বিমুখী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল |
| উচ্চ মাধ্যমিক | ১৯৯৭ | ১ম বিভাগ | ভূঞাপুর ইব্রাহিম খাঁ কলেজ |
| ব্যাচেলর অফ ফাইন আর্টস (অনার্স) (০৪ বছর মেয়াদী) | ২০০২ | ২য় বিভাগ | ঢাকা বিশ্ববিদ্যালয় |

জনাব ফরিদ উদ্দিন (জাতীয় পরিচয়পত্র নম্বর : ৫৯৮ ৩৮০ ৩০৪৯), পিতা- মোঃ আঃ হামিদ, মাতা- মোছাঃ দিলারা হামিদ, স্থায়ী ঠিকানা- গ্রাম: চরনিকলা, ডাকঘর: নিকলা, উপজেলা: ভূঞাপুর, জেলা: টাঙ্গাইল, বর্তমান ঠিকানা: ফ্ল্যাট: সি-৩, হাউজ: ৩৫/৩৭, রোড: ২, আফতাবনগর, ঢাকা'কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর অভিপ্রায় অনুযায়ী তাঁর সহকারী একান্ত সচিব হিসেবে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাময়িকভাবে নিয়োগ প্রদানের বিষয়ে উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঐক্যমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

১. জনাব ফরিদ উদ্দিন (জাতীয় পরিচয়পত্র নম্বর : ৫৯৮ ৩৮০ ৩০৪৯), পিতা- মোঃ আঃ হামিদ, মাতা- মোছাঃ দিলারা হামিদ, স্থায়ী ঠিকানা- গ্রাম: চরনিকলা, ডাকঘর: নিকলা, উপজেলা: ভূঞাপুর, জেলা: টাঙ্গাইল, বর্তমান ঠিকানা: ফ্ল্যাট: সি-৩, হাউজ: ৩৫/৩৭, রোড: ২, আফতাবনগর, ঢাকা'কে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর অভিপ্রায় অনুযায়ী তাঁর সহকারী একান্ত সচিব হিসেবে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- (৯ম গ্রেড) অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাময়িকভাবে নিয়োগ প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম যতদিন এ পদ অলংকৃত করবেন অথবা জনাব ফরিদ উদ্দিনকে উক্ত পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে।

বাস্তবায়ন : সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-১৩ : স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে edotco Bangladesh Co Ltd (e.co) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে।**

আলোচনা : প্রধান প্রকৌশলী সভায় জানান, ১৫ মে ২০১৯ তারিখে edotco Bangladesh Co Ltd (e.co) নামক একটি প্রতিষ্ঠান স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে Street Furniture Solutions সম্বলিত একটি প্রস্তাবনা মাননীয় মেয়র মহোদয় বরাবর দাখিল করেন। উক্ত প্রস্তাবনার আলোকে ২৮

| | |
|---|---|
| | মে ২০১৯ তারিখে সংস্থাটি মাননীয় মেয়র এর সাথে একটি সভার মাধ্যমে বিস্তারিত প্রেজেন্টেশন উপস্থাপন করে।<br>edotco Bangladesh Co Ltd (e.co) সমন্বিত টেলিযোগাযোগ অবকাঠামো সেবা সম্প্রসারণে এশিয়া মহাদেশে একটি নেতৃস্থানীয় প্রতিষ্ঠান এবং বাংলাদেশে মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর টাওয়ার নির্মাণে পথিকৃত প্রতিষ্ঠান। ২০১৮ সালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন থেকে লাইসেন্স পাওয়ার পর হতে বাংলাদেশের সকল মোবাইল ফোন কোম্পানির নেটওয়ার্ক সম্প্রসারণে টাওয়ার নির্মাণের একমাত্র প্রতিষ্ঠান edotco Bangladesh Co Ltd. (e.co) বাংলাদেশের সকল মোবাইল অপারেটরের প্রায় ৯,৯৫০ টি টাওয়ার ব্যবস্থাপনা করছে।<br>Smart Street Lamp post Solution এর মাধ্যমে ঘনবসতিপূর্ণ মহানগরী ও শহরাঞ্চলে ডিজিটাল সেবা সম্প্রসারণ করে স্মার্ট সিটি নির্মাণের জন্য বর্তমানে edotco Bangladesh Co Ltd (e.co) কাজ শুরু করেছে। তারই ধারাবাহিকতায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৪৯ টি স্থানে Smart Street Lamp post স্থাপনের জন্য এই প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করেছে। প্রতিটি Smart Street Lamp পোস্টে নিম্নবর্ণিত সুবিধাসমূহ সন্নিবেশিত থাকবে মর্মে প্রতিষ্ঠানটি জানিয়েছে।<br>• Free public Wi-Fi in bus stops<br>• Air quality sensor in every e.co's Street pole<br>• Smart Bin in bus stops<br>• Provision for Digital signage board for future use<br>edotco Bangladesh Co Ltd (e.co) গত ০৪ জুলাই ২০১৯ তারিখে মাননীয় মেয়র বরাবরে একটি পৃথক আবেদনযোগে তাদের প্রস্তাবিত ৪টি স্থানের যেকোনো দুটিতে Street Furniture Solutions এর Proof of Concept (POC) স্থাপনের জন্য আবেদন করেছিল। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৫ আগস্ট ২০১৯ তারিখে (ক) কাকলী বাস স্ট্যান্ড ও (খ) দি ওয়েস্টিন হোটেল এর সামনের ফুটপাত সংলগ্ন ৮ বর্গফুট পরিমিত খালি জায়গা নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে অস্থায়ীভাবে ০৬ (ছয়) মাস ব্যবহারের জন্য উক্ত প্রতিষ্ঠানে অনুমতি প্রদান করা হয়েছিল। উক্ত পাইলট Smart Street Furniture / Smart Lamp Post দুটি সফলভাবে বাস্তবায়িত হয়েছে এবং বর্তমানে চালু রয়েছে।<br>edotco Bangladesh Co Ltd (e.co) থেকে প্রাপ্ত প্রস্তাবনা সম্পর্কে প্রধান প্রকৌশলী সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। মাননীয় মেয়র এবং সম্মানিত কাউন্সিলরবৃন্দ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এ বিষয়ে মাননীয় মেয়র ও কাউন্সিলরবৃন্দ সভায় নিম্নরূপ অভিমত ব্যক্ত করেনঃ<br>১. edotco Bangladesh Co Ltd (e.co) থেকে প্রাপ্ত প্রস্তাবনা স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জন্য সহায়ক ভূমিকা পালন করবে এবং এটি একটি জনহিতকর প্রস্তাবনা।<br>২. প্রস্তাবিত অনুষঙ্গসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা সম্ভব হলে নগরবাসী উপকৃত হবেন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন একটি স্মার্ট সিটিতে রূপান্তরিত হবে।<br>৩. আলোচ্য প্রস্তাবনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না বরং এটি বাস্তবায়নের মধ্য দিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং নগরবাসী উপকৃত হবেন।<br>৪. সরকারি নিয়ম নীতি অনুসরণ ও নির্ধারিত সরকারি ফি পরিশোধ করে কর্পোরেশনের অনুমোদন |

| | | |
|---|---|---|
| | | সাপেক্ষে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হবে বিধায় এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হলে সরকারের বিভিন্ন কর্মসূচি, বার্তা ও কর্পোরেশনের বিভিন্ন সেবা সম্পর্কে জনগণকে সহজেই অবহিত করাও সম্ভব হবে। |
| সিদ্ধান্ত | : | edotco Bangladesh Co Ltd (e.co) এর পক্ষ থেকে বিগত ১৫ মে ২০১৯ তারিখে প্রাপ্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ২৪৯ (দুইশত উনপঞ্চাশ) টি স্থানে Smart Street Furniture স্থাপনের প্রস্তাবনাটি অনুমোদনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যথাযথ আইনগত প্রক্রিয়া অনুসরণ করে দ্রুততম সময়ের মধ্যে edotco Bangladesh Co Ltd (e.co) এর সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে শর্ত থাকে যে, জনস্বার্থ লঙ্ঘিত কিংবা সংকুচিত হয় এরকম কোন বিষয়ে অনুমোদন প্রদান করা যাবে না এবং উক্ত প্রস্তাবনা বাস্তবায়নে কর্পোরেশনের কোন অর্থ ব্যয় করা যাবে না। উক্ত প্রস্তাবনার যে সকল বিষয়ের সাথে কর্পোরেশন কিংবা সরকারের রাজস্ব আয় সম্পর্কিত থাকবে edotco Bangladesh Co Ltd (e.co) সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকার নির্ধারিত রাজস্ব বা ফি কর্পোরেশন কিংবা ক্ষেত্রবিশেষে সরকারকে পরিশোধ করবে। এ ছাড়াও প্রস্তাবিত অনুষঙ্গসমূহ বাস্তবায়নের জন্য কোন সরকারী প্রতিষ্ঠানের অনুমোদন প্রয়োজন হলে edotco Bangladesh Co Ltd (e.co) তা নিজ উদ্যোগে গ্রহণ করবে।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে প্রকৌশল বিভাগ এই উদ্যোগ বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর ভূমিকা পালন করবে। আইসিটি সেল, আইন বিভাগ, সম্পত্তি বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নগর পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। |
| বাস্তবায়ন | : | প্রকৌশল বিভাগ/আইসিটি সেল/আইন বিভাগ/সম্পত্তি বিভাগ/বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ/নগর পরিকল্পনা বিভাগ |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৪ | : | **স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে রবি আজিয়াটা লিমিটেড (ROBI Axiata Ltd) এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে।** |
| আলোচনা | : | প্রধান প্রকৌশলী সভাকে জানান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে স্মার্ট সিটি হিসেবে রূপান্তরের লক্ষ্যে দেশের বিখ্যাত মোবাইল অপারেটর রবি আজিয়াটা লিমিটেড (ROBI Axiata Ltd) এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার কতিপয় সহায়তার প্রস্তাব নিয়ে মাননীয় মেয়র মহোদয়ের সাথে আলোচনা করেছেন। সেই প্রাথমিক আলোচনার ভিত্তিতে রবি আজিয়াটা লিমিটেড (ROBI Axiata Ltd) পারস্পরিক সহায়তার মাধ্যমে স্মার্ট সিটি বিনির্মাণের লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য মাননীয় মেয়র বরাবর আবেদন দাখিল করেছে। উক্ত আবেদনে রবি আজিয়াটা লিমিটেডের পক্ষ থেকে নিম্নবর্ণিত উদ্যোগ সম্পর্কে প্রস্তাবনা দাখিল করা হয়েছেঃ<br>(ক) প্রাথমিকভাবে ডিএনসিসি'র ১০০ টি স্ট্রিটলাইট পোস্টে স্মার্ট নেটওয়ার্ক অবকাঠামো নির্মাণ<br>(খ) সিসি ক্যামেরা ও যানবাহন মনিটরিংয়ের জন্য স্মার্ট সিটি সার্ভিলেন্স<br>(গ) স্মার্ট সিটি ইন্টারনেট অব থিংস (Internet of Things)<br>(ঘ) স্মার্ট এনভায়নমেন্ট<br>(ঙ) স্মার্ট স্ট্রিটলাইট পোস্ট<br>(চ) স্মার্ট বর্জ্য ব্যবস্থাপনা<br>(ছ) শব্দ দূষণ মনিটরিং<br>(জ) স্মার্ট পার্কিং ব্যবস্থাপনা<br>(ঝ) ছাত্র-ছাত্রীদের জন্য শাটল সার্ভিস<br>(ঞ) সরকারি নিয়ম নীতি অনুসরণ ও নির্ধারিত সরকারি ফি পরিশোধ করে কর্পোরেশনের অনুমোদন |

| | | |
|---|---|---|
| | | সাপেক্ষে ডিজিটাল ডিসপ্লে স্থাপন।<br><br>রবি আজিয়াটা লিমিটেড থেকে প্রাপ্ত প্রস্তাবনা সম্পর্কে প্রধান প্রকৌশলী সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। মাননীয় মেয়র এবং সম্মানিত কাউন্সিলরবৃন্দ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এ বিষয়ে মাননীয় মেয়র ও কাউন্সিলরবৃন্দ সভায় নিম্নরূপ অভিমত ব্যক্ত করেনঃ<br>১. রবি আজিয়াটা লিমিটেড থেকে প্রাপ্ত প্রস্তাবনা স্মার্ট সিটি গড়ার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জন্য দারুন সহায়ক ভূমিকা পালন করবে এবং এটি একটি জনহিতকর প্রস্তাবনা।<br>২. প্রস্তাবিত অনুষঙ্গসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা সম্ভব হলে নগরবাসী উপকৃত হবেন এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন একটি স্মার্ট সিটিতে রূপান্তরিত হবে।<br>৩. আলোচ্য প্রস্তাবনায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না বরং এটি বাস্তবায়নের মধ্য দিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং নগরবাসী উপকৃত হবেন।<br>৪. সরকারি নিয়ম নীতি অনুসরণ ও নির্ধারিত সরকারি ফি পরিশোধ করে কর্পোরেশনের অনুমোদন সাপেক্ষে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হবে বিধায় এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা হলে সরকারের বিভিন্ন কর্মসূচি, বার্তা ও কর্পোরেশনের বিভিন্ন সেবা সম্পর্কে জনগণকে সহজেই অবহিত করাও সম্ভব হবে। |
| সিদ্ধান্ত | : | রবি আজিয়াটা লিমিটেডের পক্ষ থেকে বিগত ৭ ডিসেম্বর ২০২০ তারিখে প্রাপ্ত প্রস্তাবনাটি অনুমোদনের বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে যথাযথ আইনগত প্রক্রিয়া অনুসরণ করে দ্রুততম সময়ের মধ্যে রবি আজিয়াটা লিমিটেড (ROBI Axiata Ltd) এর সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে শর্ত থাকে যে, জনস্বার্থ লঙ্ঘিত কিংবা সংকুচিত হয় এরকম কোন বিষয়ে অনুমোদন প্রদান করা যাবে না এবং উক্ত প্রস্তাবনা বাস্তবায়নে কর্পোরেশনের কোন অর্থ ব্যয় করা যাবে না। উক্ত প্রস্তাবনার যে সকল বিষয়ের সাথে কর্পোরেশন কিংবা সরকারের রাজস্ব আয় সম্পর্কিত থাকবে রবি আজিয়াটা লিমিটেড সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকার নির্ধারিত রাজস্ব বা ফি কর্পোরেশন কিংবা ক্ষেত্রবিশেষে সরকারকে পরিশোধ করবে। এ ছাড়াও প্রস্তাবিত অনুষঙ্গসমূহ বাস্তবায়নের জন্য কোন সরকারী প্রতিষ্ঠানের অনুমোদন প্রয়োজন হলে রবি আজিয়াটা লিমিটেড তা নিজ উদ্যোগে গ্রহণ করবে।<br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ থেকে প্রকৌশল বিভাগ এই উদ্যোগ বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর ভূমিকা পালন করবে। আইসিটি সেল, আইন বিভাগ, সম্পত্তি বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নগর পরিকল্পনা বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। |
| বাস্তবায়ন | : | প্রকৌশল বিভাগ/আইসিটি সেল/আইন বিভাগ/সম্পত্তি বিভাগ/বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ/নগর পরিকল্পনা বিভাগ |

| **আলোচ্যসূচি-১৫** | : | **মহাখালী মার্কেটে পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল স্থাপন প্রসঙ্গে।** |
|---|---|---|
| আলোচনা | : | মহাখালীতে নির্মিত মার্কেটে দোকান ক্রয়ের ব্যাপারে কারওয়ান বাজারের ব্যবসায়ী এবং অন্যান্য সাধারণ ব্যবসায়ীদের আগ্রহ না থাকায় মার্কেট চালু করা সম্ভব হচ্ছে না। এ ছাড়া মার্কেটের পার্শ্বে মহাখালী বাস টার্মিনাল থাকার কারণে মার্কেট চালু হলে ট্রাফিক সমস্যা বৃদ্ধি পাবে। এ অবস্থায় সম্মানিত কাউন্সিলরগণ উক্ত মার্কেটকে জেনারেল হাসপাতাল স্থাপনের প্রস্তাব করেন এবং সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা করেন। |
| সিদ্ধান্ত | : | মহাখালী মার্কেট এ পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৬ | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সকল প্রকার রাজস্ব আদায়ে Digital Payment Management Solution বিষয়ক কাজে বেসরকারি প্রতিষ্ঠান Etymology Solution Ltd. এর সাথে Memorandum of Understanding (MOU) সম্পাদন সংক্রান্ত। |
| আলোচনা | : | সিস্টেম এনালিস্ট সভায় জানান, গত ১৫.১১.২০২০ খ্রিঃ তারিখে Etymology Solution Ltd. নামক একটি বেসরকারি প্রতিষ্ঠান ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিদ্যমান রাজস্ব আদায়ে Web Based Software, Digital Payment Gateway and Bank OTC Solution (Fully Automation) পার্টনারশীপ হিসেবে কাজ করার জন্য মাননীয় মেয়র মহোদয় বরাবর পত্র মারফত আগ্রহ প্রকাশ করে। আগ্রহ প্রস্তাব অনুযায়ী Etymology Solution Ltd. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য একটি Integrated Digital Payment Gateway Solution প্রদান করবে যা বিভিন্ন ব্যাংকের Online Payment System-কে Integrate করে রাজস্ব আদায়কে আরোও সহজ করবে। এক্ষেত্রে ডিএনসিসিকে সকল আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের সাথে আলাদাভাবে Aplication Programming Interface (API) Sharing এর প্রয়োজন হবে না। শুধুমাত্র Etymology Solution Ltd এর সাথে API Sharing করলেই চলবে।<br>সভায় আরো জানানো হয়, বর্ণিত সেবার বিপরীতে সিটি কর্পোরেশনকে আলাদাভাবে কোন অর্থ প্রদান করতে হবে না। বর্তমানে যে পদ্ধতিতে বা হারে নগরবাসী (Tax Payer) কর্তৃক রাজস্ব আদায়ে চার্জ গ্রহণ করা হয়ে থাকে একই হারে উক্ত প্রতিষ্ঠান কেন্দ্রিয়ভাবে রাজস্ব আদায় করে কর্পোরেশনের নির্ধারিত মূল একাউন্টে স্বয়ংক্রিয়ভাবে জমা দিবে, যার যাবতীয় ব্যয়ভার হিসেবে Tax Payer এর নিকট হতে নির্ধারিত হারে চার্জ/ফি কর্তন করা হবে। সে ক্ষেত্রে সিটি কর্পোরেশনকে অন্য কোন আর্থিক প্রতিষ্ঠানের সাথে আলাদা আলাদাভাবে চুক্তিবদ্ধ হওয়ার প্রয়োজন হবে না। Etymology Solution Ltd. প্রয়োজনে সকল ধরণের আর্থিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনপূর্বক কেন্দ্রিয়ভাবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে Memorandum of Understanding (MOU) এর মাধ্যমে কাজটি বাস্তবায়ন করবে।<br>আলোচনায় অংশ নিয়ে মাননীয় মেয়র বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল পদ্ধতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধিসহ স্বচ্ছতা এবং জবাবদিহিতা আনয়নের লক্ষে ইতিমধ্যে "Strengthening Revenue Automation System of Dhaka North City Corporation" সংক্রান্ত কাজটি বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়ন চলমান রয়েছে। নগরবাসী যাতে ঘরে বসে Credit/Debit card, Online Banking, Mobile Banking, Payment at Bank প্রভৃতির মাধ্যমে Digital Payment সিস্টেমে সিটি কর্পোরেশনের সকল প্রকার ট্যাক্স প্রদান করতে পারে সে লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কাজ করে যাচ্ছে।<br>তিনি বলেন, ডিএনসিসি'র চলমান "Strengthening Revenue |

| | | |
|---|---|---|
| | | Automation System of Dhaka North City Corporation" এর সাথে Etymology Solution Ltd. কর্তৃক প্রস্তাবিত Digital Payment Management Solution ইন্টিগ্রেশন সম্পন্ন হলে ঘরে বসে Online Payment Systemএর বিষয়টি আরোও সহজ হবে।<br>উপস্থিত সম্মানিত কাউন্সিলরগণ এ বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন এবং দ্রুত কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানান। |
| সিদ্ধান্ত | : | সার্বিক আইনগত দিক পর্যালোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্বার্থ সংরক্ষণ করে Etymology Solution Ltd. এর সাথে Memorandum of Understanding (MOU) সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৭ | : | বিবিধ |

| | | |
|---|---|---|
| **বিবিধ** | : | বিবিধ আলোচনায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত বিবিধ সিদ্ধান্ত গৃহীত হয় |
| সিদ্ধান্ত | : | |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৩ এর নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ সাইদুর রহমান এর মৃত্যুতে সভায় শোক প্রস্তাব গৃহীত হয়। | সচিব দপ্তর |
| ২. | মুজিববর্ষকে সফল করতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৪টি ওয়ার্ডে ক্রিকেট ও ভলিবল টুর্ণামেন্ট আয়োজন করা হবে। | ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি |
| ৩. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকার আঞ্চলিক কার্যালয়ের জন্য স্থান নির্ধারণ করতে হবে। | সম্পত্তি বিভাগ |
| ৪. | নিজস্ব ভবন নির্মিত হওয়া পর্যন্ত নবগঠিত আঞ্চলিক কার্যালয়ের জন্য স্ব স্ব এলাকায় কার্যালয় ভাড়া করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল ৬-১০, ডিএনসিসি |
| ৫. | যেসব ওয়ার্ডে কাউন্সিলরদের ওয়ার্ড সচিব নেই সেসব ওয়ার্ডে দ্রুত ওয়ার্ড সচিব পদায়নের ব্যবস্থা করতে হবে। | সচিব দপ্তর |
| ৬. | কাউন্সিলরদের কার্যালয়ের জন্য দ্রততম সময়ের মধ্যে প্রাপ্যতা অনুসারে আসবাবপত্র সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভান্ডার ও ক্রয় বিভাগ |
| ৭. | ডিএনসিসি'র পুরাতন এলাকার উদ্বৃত্ত সড়কবাতিসমূহ সম্প্রসারিত এলাকায় স্থাপনের ব্যবস্থা করতে হবে। | বৈদ্যুতিক সার্কেল, ডিএনসিসি |
| ৮. | ডিএনসিসি প্রধান কার্যালয়ের ৬ষ্ঠ তলার কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | প্রকৌশল বিভাগ |
| ৯. | শীত মৌসুমে কিউলেক্স মশার উপদ্রব থেকে নগরবাসীকে রক্ষা করার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | স্বাস্থ্য বিভাগ/ সম্মানিত কাউন্সিলর (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০. | কর্পোরেশনের মশক নিধন, পরিচ্ছন্নতাসহ সকল কাজে জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য ৪০০X৪০০ গজ পাইলট প্রোগ্রাম পর্যায়ক্রমে প্রত্যেকটি ওয়ার্ডে বাস্তবায়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, ডিএনসিসি |
| | | ১১. | আউটসোর্সিং মশককর্মী/ক্লিনার ও মাস্টাররোল কর্মীদের ডিএনসিসি'র লোগো সম্বলিত এপ্রোন ও পরিচয়পত্র প্রদান নিশ্চিত করতে হবে। | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ<br>স্বাস্থ্য বিভাগ |
| | | ১২. | দ্রুত যোগাযোগ ও তথ্য আদান-প্রদানের স্বার্থে অঞ্চল ভিত্তিক কাউন্সিলরদের হোয়াটসএ্যাপ গ্রুপ গঠন করতে হবে। | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | | ১৩. | প্রতি ওয়ার্ডে কমপ্লেক্স, পাবলিক টয়লেট, খেলার মাঠ নির্মাণ এর জন্য জায়গা চিহ্নিত করার ব্যবস্থা নিতে হবে। তবে এক্ষেত্রে সরকারি খাস জমিকে সর্বোচ্চ অগ্রাধিকারভিত্তিতে চিহ্নিত করতে হবে। কাউন্সিলরগণ স্ব স্ব ওয়ার্ডে স্থান চিহ্নিত করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করবেন।সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরগণ এ বিষয়ে সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের সাথে সমন্বয় করবেন। | সম্মানিত কাউন্সিলর (সকল) |
| | | ১৪. | মার্চ/২০২১ এর মধ্যে ডিএনসিসি'র সকল পার্কের উন্নয়ন কাজ শুরু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল/আরবান রিজিলিয়েন্স প্রকল্প পরিচালক |
| | | ১৫. | 'জনতার মুখোমুখি নগর সেবক' নামক ফেসবুক লাইভ প্রোগ্রাম প্রতি মাসেই করার ব্যবস্থা করা হবে। পরবর্তী ফেসবুক লাইভ প্রোগ্রামে সম্মানিত কাউন্সিলরদেরও অন্তর্ভুক্ত করা হতে পারে। | জনসংযোগ বিভাগ ও আইসিটি সেল |
| | | ১৬. | ১. নতুন এলাকার হোল্ডিং ট্যাক্স এ্যাসেসমেন্ট কার্যক্রম গ্রহণ করার ব্যবস্থা নিতে হবে।<br>২. রাজস্ব বিভাগের কর পরিধি সম্প্রসারণের অর্থাৎ নতুন নতুন বাড়ি-ঘর-ফ্ল্যাট-প্লট গুলোকে হোল্ডিং ট্যাক্স এর আওতায় আনার কাজে সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে রাজস্ব বিভাগ স্ব স্ব এলাকার কাউন্সিলরগণের সাথে সভা করে কর্মপন্থা নির্ধারণ করবে।<br>৩. নয়াবাদী কেস দ্রুত নিস্পত্তির জন্য বিস্তারিত বিবরণ লিখার প্রয়োজন পড়ে না। কালক্ষেপন না করে সংক্ষিপ্ত তথ্য লিপিবদ্ধ করে কর ধার্য করার ব্যবস্থা নিতে হবে।<br>৪. আগামী সভায় রাজস্ব বিভাগ থেকে নয়াবাদী কেস দাখিল ও নিস্পত্তির প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | রাজস্ব বিভাগ |
| | | ১৭. | রাজস্ব ব্যবস্থাপনা তদারকির জন্য ০১টি কাউন্সিলর কমিটি গঠন করার ব্যবস্থা নিতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৮. | ঢাকা ওয়াসার খালগুলো ডিএনসিসি'কে হস্তান্তর করা হচ্ছে। সুতরাং, খালের পাড়ে অবৈধ স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরগণ এ বিষয়ে অগ্রণী ভূমিকা পালন করবেন। | সম্পত্তি বিভাগ |
| | | ১৯. | ভাষানটেক ও কড়াইল বস্তি উন্নয়ন এবং বিহারী পুনর্বাসনের জন্য বিশেষ কমিটি গঠনের ব্যবস্থা নিতে হবে। | সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ এবং সম্পত্তি বিভাগ |
| | | ২০. | অনাকাঙ্খিত বিস্ফোরণ প্রতিরোধে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কতজন ব্যক্তি, কতটি প্রতিষ্ঠান বিস্ফোরক জাতীয় দ্রব্যের ব্যবসা করে; খুচরা ও পাইকারি ব্যবসায়ীর সংখ্যা; লাইসেন্সের অবস্থা; মজুদগারের ভৌত অবস্থা এবং সাধারণভাবে কি ধরনের বিস্ফোরক এর ব্যবসা অধিক হয়ে থাকে তার বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করে আগামী ৩০/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | গঠিত ৩টি উপকমিটি |
| | | ২১. | জনগণ যেন ঘরে বসেই হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে পারে সেজন্য জানুয়ারি/২০২১ থেকে অনলাইনে ট্যাক্স সংগ্রহ শুরু করার ব্যবস্থা নিতে হবে। | রাজস্ব বিভাগ ও আইসিটি সেল |
| | | ২২. | নগরবাসী যেন অতি সহজেই নাগরিক অসুবিধার কথা সিটি কর্পোরেশনকে জানাতে পারে সেজন্য জরুরি ভিত্তিতে "সবার ঢাকা" এ্যাপস চালু করার ব্যবস্থা নিতে হবে। এর ফলে কর্পোরেশনের কাজে জনসম্পৃক্ততা বৃদ্ধি পাবে এবং জনগণের কাছে কর্পোরেশনের জবাবদিহিতা নিশ্চিত হবে। | আইসিটি সেল |
| | | ২৩. | ডিএনসিসি'র আওতাধীন এলাকার জন্য স্মার্ট এলইডি সড়কবাতি লাগানোর কাজ তরান্বিত করতে হবে। | বৈদ্যুতিক সার্কেল |
| | | ২৪. | করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার ঘোষিত 'No mask, No service' বাধ্যতামূলক পালন করার করার সর্বাত্মক ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে কাউন্সিলরগণকে জোরালো ভূমিকা রাখতে হবে। | সম্মানিত কাউন্সিলরবৃন্দ আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)/নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল)/স্বাস্থ্য বিভাগ |
| | | ২৫. | ডিএনসিসি'র আওতাধীন কারওয়ান বাজার মার্কেট স্থানান্তরের বিষয়ে জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম গ্রহণ করতে অনুরোধ করেন। | রাজস্ব বিভাগ/সম্পত্তি বিভাগ/প্রকৌশল বিভাগ |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০- ৯০

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ / ২৩ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ................................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. ......................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৪–৬) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৭. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. তত্তাবধায়ক প্রকৌশলী ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. প্রকল্প পরিচালক, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নির্বাহী প্রকৌশলী , ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. কর কর্মকর্তা, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ........................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৭. অফিস কপি।

২৩/২/২১

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।